

সংবাদপত্রের নাম: : দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস  
প্রকাশনার স্থান : ময়মনসিংহ  
তারিখ : ২৮.১১.২০২৩খ্রি.

সংবাদ :  
সম্পাদকীয় :  
প্রবন্ধ/চিত্রপত্র :



## বিজয় এক্সপ্রেস ট্রেনের স্টাটিং পয়েন্ট পরিবর্তনের প্রতিবাদে নাগরিক অনশন

### স্টাফ রিপোর্টার

ময়মনসিংহ থেকে বিজয় এক্সপ্রেস ট্রেনের স্টাটিং পয়েন্ট পরিবর্তনের প্রতিবাদে প্রতীকি অনশন কর্মসূচি পালিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১ টা থেকে ১ টা পর্যন্ত ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সামনে অনশন কর্মসূচি পালিত হয়। আগামী ১ ডিসেম্বর ময়মনসিংহ থেকে

বিজয় এক্সপ্রেস ট্রেনের স্টাটিং স্টেশন পরিবর্তন করে জামালপুরে নেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদ জানান তারা। ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদ আয়োজিত এই কর্মসূচিতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। এ সময় অনশনকারীরা অবিলম্বে বিজয় এক্সপ্রেস ট্রেনের স্টাটিং স্টেশন পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল করা ● পৃষ্ঠা-২ : কলাম-৩

### বিজয় এক্সপ্রেস ট্রেনের স্টাটিং পয়েন্ট

না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি উচ্চারণ করেন তারা। কর্মসূচিতে বক্তব্য রাখেন- জেলা নাগরিক আন্দোলনের সাধারণ সম্পাদক প্রকৌশলী নূরুল আমীন কালাম, সিপিবি'র সভাপতি অ্যাডভোকেট এমদাদুল হক মিল্লাত, নাগরিক আন্দোলনের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শিকির আহমেদ লিটন, নাগরিক ব্যক্তিত্ব আলী ইউসুফ প্রমুখ। বক্তারা বলেন, বিজয় এক্সপ্রেস ট্রেন বিজয়ের স্মারক। এটি ময়মনসিংহবাসীর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার। অথচ রেলের ডিজি নিজের ক্ষমতা অপব্যবহার করে ময়মনসিংহ থেকে বিজয় ট্রেনটি ছিনিয়ে নিতে ষড়যন্ত্র করছে। আমরা এই অযৌক্তিক সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। সেই সঙ্গে বিজয় ট্রেন জামালপুরে নেওয়ার সিদ্ধান্ত বাতিল করা না হলে রেলপথে রক্ত দিতে নাগরিক সমাজ প্রস্তুত রয়েছে। জেলা নাগরিক আন্দোলনের সাধারণ সম্পাদক প্রকৌশলী নূরুল আমীন কালাম বলেন, বিজয় এক্সপ্রেস ট্রেন ময়মনসিংহে রাখতে করণীয় নির্ধারণ করতে আজ মঙ্গলবার সভা করা হবে। সেখানে দলমত নির্বিশেষ সবাইকে আমন্ত্রণ জানানো হয়েছে। এভাবে একটি ট্রেন কেড়ে নিতে দেওয়া হবে না।